গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ৫ মার্চ ২০১৫, ২১ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ফরিদপুর, কুমিল্লা ও ময়মনসিংহ নতুন বিভাগ হবে : সংসদে প্রধানমন্ত্রী
২। পর্যটন শিল্পের উন্নয়নে মহাপরিকল্পনা গ্রহণ করছে সরকার
৩। ১০টি নতুন জাহাজ কিনবে সরকার
৪। বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার গ্রেপ্তারি পরোয়ানা বহাল
৫। সোয়াইন ফ্লু নিয়ে আতঙ্কের কিছু নেই : স্বাস্থ্যমন্ত্রী
৬। কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি অর্জনে ছয় বিষয়ে গুরুত্ব দেওয়ার পরামর্শ আইএমএফের
৭। তিস্তায় সায় আছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়
৮। স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন ৮ বিশিষ্ট জন
৯। ডেমরায় ৪০ কোটি টাকার অবৈধ কসমেটিক্স উদ্ধার
১০। মার্চ থেকে নতুন পদ্ধতিতে ব্যাংকের মূলধন সংরক্ষণ
১১। হরতাল-অবরোধে পেট্রোল বোমায় দগ্ধ আরো ১৬ জন
: যানবাহনে হামলা, ভূমি অফিসে আগুন

চলমান পাতা/২

১। ফরিদপুর, কুমিল্লা ও ময়মনসিংহ নতুন বিভাগ হবে : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৪ মার্চ বুধবার জাতীয় সংসদে ঘোষণা দেন, উন্নয়নের গতিধারাকে আরও ত্বরান্বিত করতে বৃহত্তর ফরিদপুর, কুমিল্লা ও ময়মনসিংহে পৃথক তিনটি বিভাগ করা হবে। নতুন এই তিন বিভাগ চালু হলে দেশের মানুষ আর রাজধানীমুখী হবে না। এতে দেশের উন্নয়ন তরান্বিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৩), সমকাল (পৃ.৪,ক.১), বাংলাদেশ প্রতিদিন (পৃ.১,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.২)।

২। পর্যটন শিল্পের উন্নয়নে মহাপরিকল্পনা গ্রহণ করছে সরকার

পর্যটন শিল্পের ব্যাপক উন্নয়ন ও বিকাশের পাশাপাশি দেশি-বিদেশি পর্যটকদের আকর্ষণের লক্ষ্যে মহাপরিকল্পনা গ্রহণ করছে সরকার। পর্যটন শিল্পের বিদ্যমান ও সম্ভাব্য স্থানগুলোর পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করা হবে এ পরিকল্পনার মাধ্যমে। গতকাল ৪ মার্চ বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় পর্যটন পরিষদের তৃতীয় সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সভায় সংশ্লিষ্ট মন্ত্রী ও সচিবরা উপস্থিত ছিলেন। পরে প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী সভার বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.৩,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৩)।

৩। ১০টি নতুন জাহাজ কিনবে সরকার

১০টি নতুন জাহাজ ক্রয় করবে সরকার। এর মধ্যে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি) জন্য ৬টি এবং বাকি চারটি বাংলাদেশ কোস্ট গার্ডকে দেওয়া হবে। গতকাল ৪ মার্চ বুধবার সচিবালয়ে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিয়মিত বৈঠকে এ সংক্রান্ত দরপ্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। ক্রয় কমিটির প্রধান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এতে সভাপতিত্ব করেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), প্রথম আলো (পৃ.১২,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)।

৪। বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার গ্রেপ্তারি পরোয়ানা বহাল

জিয়া অরফানেজ ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে জারি করা গ্রেপ্তারি পরোয়ানা বহাল রয়েছে। তবে পরোয়ানা প্রত্যাহারের আবেদন আদালত মঞ্জুর বা খারিজও করেনি। আদালত বলেছে, এ বিষয়ে কোনো আদেশ দিতে হলে তাঁর (খালেদা জিয়া) আদালতে উপস্থিত থাকা আবশ্যক। পরোয়ানা বাতিল করে তাঁর জামিন মঞ্জুরের বিষয়ও তখন বিবেচনা করা হবে। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অনুপস্থিতিতে গতকাল ৪ মার্চ বুধবার প্রায় দুই ঘণ্টা শুনানি করে ঢাকার বিশেষ জজ আদালত-৩ এর বিচারক আবু আহমেদ জমাদার এ আদেশ দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২)। প্রথম আলো, জনকণ্ঠ, সংবাদ, সমকাল, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। সোয়াইন ফ্লু নিয়ে আতঙ্কের কিছু নেই : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সোয়াইন ফ্লু নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই। এ রোগের পর্যাপ্ত ওষুধ মজুত আছে। প্রয়োজনে আরও আনা হবে। বাংলাদেশে এ বছর এখন পর্যন্ত এই ফ্লু আক্রান্ত কোনো রোগী পাওয়া যায়নি। গতকাল ৪ মার্চ বুধবার সংসদে ৩০০ বিধিতে দেওয়া এক বিবৃতিতে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী বলেন, দেশের ৬৩টি জেলায় এ রোগে আক্রান্ত রোগীদের আলাদা রেখে চিকিৎসার ব্যবস্থা রয়েছে। সমুদ্র বন্দরসহ বিভিন্ন বন্দরে সাতটি থার্মাল স্ক্যানার বসানো হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.১৭,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.২,ক.১)।

৬। কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি অর্জনে ছয় বিষয়ে গুরুত্ব দেওয়ার পরামর্শ আইএমএফের

কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি অর্জনে ছয় বিষয়ে গুরুত্ব দেওয়ার পরামর্শ দিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। এগুলো হলো-গুরুত্বপূর্ণ অবকাঠামো খাত, প্রয়োজনীয় জমির প্রাপ্যতা, আর্থিক খাতে ঝুঁকি মোকাবিলা ব্যবস্থাপনা, রাজস্ব আহরণ বাড়ানো, জ্বালানি ও বিদ্যুৎ সংক্রান্ত কার্যকর নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন এবং জলবায়ু পরিবর্তনকে মোকাবিলা করা। সেই সঙ্গে বাংলাদেশ এমডিজি পরবর্তী লক্ষ্যমাত্রা কিভাবে মোকাবিলা করবে তার ওপরই নির্ভর করছে দেশের সামগ্রিক অর্থনৈতিক স্থিতিশীলতা। গতকাল ৪ মার্চ বুধবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সঙ্গে বৈঠকে এসব পরামর্শ দেওয়া হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.৩), ইত্তেফাক (পৃ.১৮,ক.৩), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪)।

৭। তিস্তায় সায় আছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

বাংলাদেশের সঙ্গে তিস্তার পানিবণ্টন চুক্তি সইয়ে তিনি যে বিরোধী নন তা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সাফ জানিয়ে দিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সদ্য ঢাকা সফর শেষে দেশে ফিরে নরেন্দ্র মোদিকে লেখা এক চিঠিতে এ কথা জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এ সময় তিনি চুক্তির জট খুলতে

সহযোগিতা করতে চান বলেও জানিয়েছেন। ভারতের পররাষ্ট্র সচিব সুব্রামানিয়াম জয়শঙ্করের গত ২ মার্চ সোমবার ঢাকা সফরকালে তিস্তার ব্যাপারে ইতিবাচক মনোভাব পায় বাংলাদেশ। সূত্র-আমাদের সময় (পৃ.১, ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

৮। স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন ৮ বিশিষ্ট জন

বাংলাদেশের স্বাধীনতার পক্ষে এবং জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল অবদানের জন্য সাবেক অর্থমন্ত্রী মরহুম শাহ এ এম এস কিবরিয়াসহ ৮ জন বাংলাদেশ সরকারের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'স্বাধীনতা পুরস্কার' পাচ্ছেন এ বছর। মন্ত্রিপরিষদ বিভাগ গতকাল ৪ মার্চ বুধবার এ বছরের পুরস্কারের জন্য মনোনীতদের নাম চূড়ান্ত করে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

৯। ডেমরায় ৪০ কোটি টাকার অবৈধ কসমেটিক্স উদ্ধার

রাজধানীর ডেমরার শিমরাইলে ৪০ কোটি টাকা মূল্যের অবৈধ বিদেশি কসমেটিক্স জব্দ করেছে শুল্ক গোয়েন্দা অধিদপ্তর। গতকাল ৪ মার্চ বুধবার রাত ৯টা পর্যন্ত মুনস্টার লিমিটেড কোম্পানির তিনটি গুদামে অভিযান চালিয়ে এসব কসমেটিক্স উদ্ধার করা হয়। অভিযানে শুল্ক ও গোয়েন্দা অধিদপ্তরকে সহায়তা করে র‌্যাব-১০ ও ভ্যাট কর্তৃপক্ষ। উদ্ধার হওয়া কসমেটিক্সের দাম প্রায় ৪০ কোটি টাকা। সূত্র-সমকাল (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.২,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

১০। মার্চ থেকে নতুন পদ্ধতিতে ব্যাংকের মূলধন সংরক্ষণ

চলতি বছরের মার্চ প্রান্তিক থেকে আন্তর্জাতিক নীতিমালা ব্যাসেল-৩ এর আলোকে ব্যাংকগুলোর মূলধন সংরক্ষণ ও প্রতিবেদন কেন্দ্রীয় ব্যাংকে জমা দিতে হবে। এ প্রতিবেদন পাঠাতে হবে ৩০ এপ্রিলের মধ্যে। বাংলাদেশ ব্যাংকের অফ-সাইট সুপারভিশন বিভাগ থেকে নির্ধারিত ফর্ম অনুযায়ী অনলাইনের মাধ্যমে এ প্রতিবেদন পাঠাতে বলা হয়েছে। গতকাল ৪ মার্চ বুধবার এ বিষয়ে একটি সার্কুলার ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.১), ইত্তেফাক (পৃ.১৮,ক.১)।

১১। হরতাল-অবরোধে পেট্রোল বোমায় দগ্ধ আরো ১৬ জন : যানবাহনে হামলা, ভূমি অফিসে আগুন

গত ২৪ ঘণ্টায় পাবনা, নোয়াখালী, দিনাজপুর, কিশোরগঞ্জের ভৈরব, চাঁপাইনবাবগঞ্জ ও চট্টগ্রামের হাটহাজারীতে বাস, ট্রাক ও সিএনজি অটোরিকশায় দুর্বৃত্তদের পেট্রোল বোমা হামলায় অন্তত ১৬ জন দগ্ধ হয়েছেন। এছাড়া জয়পুরহাট, পঞ্চগড় ও রংপুরে চারটি বাস-ট্রাকে আগুন দেওয়া হয়েছে। এসব ঘটনায় আরো ৫ জন আহত হয়েছে। লক্ষ্মীপুরে ভূমি অফিসে অগ্নিসংযোগ ও বাগেরহাটে কাস্টমস অফিসে পেট্রোল বোমা নিক্ষেপের খবর পাওয়া গেছে। বিএনপি নেতৃত্বাধীন বিশ দলীয় জোটের লাগাতার অবরোধ ও হরতাল চলাকালে এসব সহিংস ঘটনা ঘটে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার : চলমান রাজনৈতিক সংকট সমাধানে ১৬ বিদেশি কূটনীতিদের প্রচেষ্টাকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে উভয় পক্ষকে আলোচনায় বসে বিদ্যমান সংকটের শান্তিপূর্ণ সমাধানের পথ খোঁজার সুপারিশ;

খ. ইত্তেফাক, জনকণ্ঠ : কাতারে জনশক্তি রপ্তানির নতুন উদ্যোগের ব্যাপারে শ্রমিকদের সব ধরনের নিরাপত্তাসহ আর্থিক সুবিধার বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন বলে অভিমত;

গ. সংবাদ, নিউ এজ : ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোর নানা অনিয়মের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংকের সতর্কীকরণের প্রেক্ষিতে এ ধরনের অনিয়ম বন্ধে শাস্তির ব্যবস্থা করাসহ কঠোর রেগুলেটরিতে নিয়ে আসার সুপারিশ;

ঘ. সমকাল, ইন্ডিপেনডেন্ট : সরকারের ১১ লাখ টন ধান-চাল সংগ্রহ করার ব্যবস্থায় যেন কৃষকদের লাভ বাড়ানো যায় সেজন্য কৃষকদের বাড়তি প্রণোদনা দেওয়ার আহ্বান;

ঙ. যুগান্তর, ইত্তেফাক : রোকেয়া বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন করে শিক্ষার পরিবেশ নিশ্চিত করার সুপারিশ;

চ. ইনকিলাব : মাদক মিশ্রিত এনার্জি ড্রিংকস উৎপাদন ও বাজারজাতকারীদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে : মাছের উৎপাদন নিরাপদ রাখতে মাছের বিচরণ ক্ষেত্রগুলোতে কীটনাশক, জীবাণুনাশক ও রাসায়নিক সারের ব্যবহার নিয়ন্ত্রণে রাখতে যথাযথ কর্তৃপক্ষকে কঠোর তদারকির ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : ডাক্তারদের নৈতিকতার ওপর অধিকতর গুরুত্ব দিয়ে জনসেবায় আরও আন্তরিক হওয়ার আহ্বান;

ঝ. নিউ এজ : হরতাল-অবরোধের মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ক্লাস চালু রাখার ইউজিসি'র সিদ্ধান্তে

শিক্ষার্থীরা নিরাপত্তাহীনতার ঝুঁকির মধ্যে পড়বে বলে অভিমত;

ঞ. নিউ নেশন, প্রথম আলো : পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতার ব্যাপারে ক্লাসে ৭০ শতাংশ উপস্থিতির মন্ত্রণালয়ের নতুন নিয়ম থেকে ভাল প্রতিক্রিয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে সুন্দরবনের গা ঘেঁষে কয়লা বিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠিত হলে সুন্দরবনের অবকাঠামো এবং জীববৈচিত্র্যের প্রতি হুমকি সৃষ্টি হবে কিনা সে বিষয়ের বাস্তবতায় পদার্পন করার বিষয়ে আলোকপাত করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'স্কুল ব্যাংকিং: সঞ্চয়ের নয়া দিগন্ত' শিরোনামের নিবন্ধে মো. হরমুজ মিয়া ছাত্র-ছাত্রীদের জন্য স্কুল ব্যাংকিং একটি অতি সম্ভাবনাময় স্থায়ী আমানত সংগ্রহকারী স্কীম বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা